

**2016**  
**BENGALI**  
**[HONOURS]**  
**Paper : II**

Full Marks : 100

Time : 4 Hours

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

- ১। যে-কোনো আটটি প্রশ্নের উত্তর দাও :  $2 \times 8 = 16$
- ক) চৈতন্য-পরবর্তী বৈষ্ণব পদাবলীর দুটি প্রধান বৈশিষ্ট্য উল্লেখ করো।
  - খ) ‘কত চতুরানন মরি মরি যাওত’ — ‘চতুরানন’ কে? চরণটির অর্থ লেখো।
  - গ) ‘কংটক গাড়ি কমলসম পদতল’ — কোন্ পর্যায়ের পদ? ‘কংটক গাড়ি’ — শব্দবঙ্গের অর্থ কী?
  - ঘ) ‘যেয়ো না রজনী, আজি ল’য়ে তারাদলে’ — কবি কে? এটি কোন্ পর্যায়ের পদ?
  - ঙ) ‘নাতোয়ানী কাচ কাচো মা, অঙ্গে ভস্ম ভূষণ পরি’ — চরণটির অর্থ স্পষ্ট করো।
  - চ) ‘যেমন চিত্রের পদ্মেতে পড়ে ভূমর ভুলে র’লো’ — পংক্তিটির অর্থ লেখো।
  - ছ) সিশুর পুরী কে? মহাপ্রভু তাঁর কাছ থেকে কোন্ মন্ত্র দীক্ষা নেন?

- জ) “হইল পাপিষ্ঠ জন্ম নহিল তখনে।  
হইলাঙ বঞ্চিত সে সুখ দরশণে।”  
— উক্তিটি কার? এখানে কোন্ সুখ থেকে বঞ্চিত হওয়ার কথা বলা হয়েছে?
- ঝ) ‘চৈতন্যভাগবতে’ উল্লেখিত ‘দিঘিজয়ী’র প্রকৃত নাম কী?  
নামটি ‘চৈতন্যভাগবতে’র কোন্ অধ্যায়ে রয়েছে?
- ঞ) ‘কেহো বোলে “মোর মুখে দিলেক কু঳োল”’ — কার  
সম্পর্কে এই উক্তি করা হয়েছে? ‘কু঳োল’-এর অর্থ কী?
- ট) কলিঙ্গরাজ বন্দি কালকেতুর সঙ্গে কীরূপ আচরণ  
করেছিলেন?
- ঠ) ফুল্লরা কালকেতুকে কী কী খেতে দিয়েছিল?
- ২। প্রতিটি পাঠ্যগ্রন্থ থেকে কমপক্ষে একটি করে প্রশ্ন নিয়ে মোট  
ছয়টি প্রশ্নের উত্তর দাও :  $6 \times 6 = 36$
- ক) ‘গৌরচন্দ্রিকা’ কী? তোমার পাঠ্যসূচিভুক্ত এই পর্যায়ের  
পদটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো।  $2+4$
  - খ) আক্ষেপানুরাগ বলতে কী বোঝা? তোমার পাঠ্য এই  
পর্যায়ের পদটিতে আক্ষেপানুরাগের স্বরূপ বিশ্লেষণ  
করো।  $1+5$
  - গ) ‘প্রার্থনা’ বলতে কী বোঝা? পাঠ্যপদে পদকর্তার অন্তর-  
আকৃতির স্বরূপটি বুঝিয়ে দাও।  $1+5$
  - ঘ) ‘গিরি এবার আমার উমা এলে’ — পদকর্তা কে?  
পদটিতে বাঙালি মাতৃহৃদয়ের যে আর্তি অভিব্যক্ত হয়েছে  
তা ব্যাখ্যা করো।  $1+5$

- ঙ) ‘বিজয়া পদগুলি একাত্তই মানবিক’ — পাঠ্য পদ  
অবলম্বনে মন্তব্যটি ব্যাখ্যা করো। ৬
- চ) ‘এক আসামী ছয়টা প্যাদা বল মা কিসে সামাই করি’।  
— কোন্ পর্যায়ের পদ? প্রসঙ্গ উল্লেখ করে পদটির  
অভিনবত্ব কোথায় তা বুঝিয়ে দাও। ১+৫
- ছ) ‘চৈতন্যভাগবত’ (আদিখণ্ড) অবলম্বনে অব্দেতত্ত্ব  
বিষয়ে আলোকপাত করো। ৬
- জ) জগন্নাথ গৃহে তৈরিক ব্রাহ্মণের আপ্যায়নের বৃত্তান্তটি  
নিজের ভাষায় লেখো। নিমাই কিরণপে ব্রাহ্মণকে দর্শণ  
দিয়েছিলেন? ৫+১
- ঝ) “দৈব দোবে আমি যদি আছিলাং কাঙ্গাল  
দেখিআছি খুড়া হে তোমার ঠাকুরাল।”  
— বক্তা কে? ‘খুড়া’ কাকে বলা হয়েছে? বক্তার  
চরিত্রের সংক্ষিপ্ত পরিচয় দাও। ১+১+৪
- ঞ) “দুঃখ কহিব কাহারে দুঃখ কহিব কাহারে  
স্বামী সনে এক শয্যা কোসেক অন্তরে।”  
— বক্তা কে? এখানে বক্তার অন্তরের কী পরিচয়  
পাওয়া যায়? ১+৫
- ৩। প্রতিটি পাঠ্যগ্রন্থ থেকে কমপক্ষে একটি করে প্রশ্ন নিয়ে মোট  
চারটি প্রশ্নের উত্তর দাও : ১২×৪=৪৮
- ক) ‘অভিসার’-এর সংজ্ঞা দাও। পাঠ্য পদ অবলম্বনে  
অভিসার পর্যায়ের পদে গোবিন্দদাসের কবি প্রতিভার  
মূল্যায়ন করো। ২+১০
- খ) বৈষ্ণব পদাবলীতে ‘ভাবসম্মিলন’ পর্যায়ের তাৎপর্য  
সংক্ষেপে ব্যাখ্যা করো। ‘আজু রজনী হাম ভাগে  
পোহায়লুঁ’ পদটিতে রাধার হৃদয়ার্তির শিল্পরূপায়ণে  
পদকর্তার কৃতিত্ব পরিমাপ করো। ২+১০
- গ) “...হরগৌরীর কথা আমাদের ঘরের কথা। সেই  
হরগৌরীর কথায় আমাদের বাংলাদেশের একটা বড়  
মর্মের কথা আছে। ...হরগৌরীর কথা বাংলার একান্ন  
পরিবারের সেই প্রধান বেদনার কথা।”  
— তোমার পাঠ্য সংশ্লিষ্ট পদ অবলম্বনে মন্তব্যটি ব্যাখ্যা  
করো। ১২
- ঘ) পাঠ্যপদ অবলম্বনে শাক্ত পদাবলির শিল্প-কলা সম্পর্কে  
আলোচনা করো। দুজন মুসলিম শাক্ত কবির নাম  
লেখো। ১০+২
- ঙ) চৈতন্যভাগবতের (আদিখণ্ড) পথঞ্জশ অধ্যায়ের গুরুত্ব  
বিচার করো। ১২
- চ) ‘চৈতন্যভাগবত’ অনুসরণে চৈতন্যের বাল্য-কৈশোর লীলা  
বর্ণনায় বৃন্দাবন দাসের কৃতিত্ব বিচার করো।  
চৈতন্যভাগবত কটি খণ্ডে ও কটি অধ্যায়ে বিভক্ত? ১০+২
- ছ) চগুমঙ্গল (আখেটিক খণ্ড) অবলম্বনে হাস্যরসের স্বরূপ  
বুঝিয়ে দাও। ডিহিদার’ শব্দের অর্থ লেখো। ১০+২
- জ) চগুমঙ্গল কাব্যের কালকেতু চরিত্রটি বিশ্লেষণ করে এই  
ব্যাধ চরিত্র নির্মাণে কবিকঙ্কণের কৃতিত্ব ও সীমাবদ্ধতা  
বিচার করো। ১২
-